দৈনিক ইনকিলাব

তারিখ ... ... JAN. 19 2000
পৃষ্ঠা 6 কলাম 2

16

### হাই কোর্টের রুলনিশি জারি

# তরুণী লাঞ্ছনা ও সচিব হত্যাকালে কর্তব্যরত পুলিশের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেয়া হবে না

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় তরুণী লাঞ্ছনার ঘটনাসহ সচিব হত্যাকাণ্ডের সময় সেখানে কর্তব্যরত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেয়া হবে না এবং ঢাকা শহর ও বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতির উন্নতি করা হবে না মর্মে সরকারের প্রতি রুলনিশি জারি হয়েছে। গতকাল (মঙ্গলবার) বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির নির্বাহী পরিচালক সালমা আলী এডভোকেটের দায়েরকৃত রীট পিটিশনের প্রেক্ষিতে হাই কোর্টের দ্বৈত বেঞ্চ রুলনিশি জারি করে।

আবেদনে সালমা আলী বলেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত ৩১ ডিসেম্বর রাতে তরুণী শাওন আক্তার বাঁধন দুর্বৃত্তদের হাতে লাঞ্ছিত হন। এর কয়েকদিন পরে গত ১১ জানুয়ারী একই বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের সামনে খুন হন সরকারের যুগ্ম সচিব নিকুঞ্জ বিহারী নাথ। পুলিশের উপস্থিতিতেই এ সকল ঘটনা জননিরাপত্তা বিধানে চরম ব্যর্থতার জন্ম দিয়েছে।